মুজিবনগরে লক ডাউনের প্রথম দিন জীবন যাত্রা প্রায় স্বাভাবিক, মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেটলক

দেশ ব্যাপী করোনা সংক্রমণে দ্বিতীয় ঢেও মোকাবেলায় সরকার ৫ই এপ্রিল থেকে ১১ই এপ্রিল পর্যন্ত দেশ ব্যাপী এক সপ্তাহের লক ডাউন জারি করেছে।

মেহেরপুরের মুজিবনগরে সপ্তাহ ব্যাপী লক ডাউনের প্রথম দিনে জীবন যাত্রা অন্য দিনের মত স্বাভাবিক। কিছু দোকানপাট বন্ধ থাকলেও মানুষের চলাচলের উপর কোন প্রভাব পড়েনি।

এই লক ডাউন এর মাঝেও প্রয়োজনে অপ্রয়োজনে মানুষ ঘর থেকে বের হচ্ছে নিয়মিত চলছে অটোরিক্সা, পাখী ভ্যান, চলছে মাটি বাহী ট্রাক্টর, খোলা আছে উপজেলা চা এর দোকান গুলি, মানা হচ্ছে না স্বাস্থ্যবিধি। প্রশাসন থেকে বার বার মাস্ক ব্যবহারে জন্য বলা হলে মাস্ক পরিধানে মানুষের মাঝে অনিহা লক্ষ করা যাচ্ছে।

সকালে উপজেলা প্রশাসন থেকে লকডাউনের নির্দেশনার বিষয়ে মাইকিং করা হলেও তাতে কর্নপাত করেনি সাধারণ মানুষ।

সকাল সাড়ে ১১টার সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন সরকার উপজেলা বিভিন্ন বাজারে অভিযান পরিচালনা করে এবং সাধারণ মানুষকে সচেতন করা সহ মাস্ক বিতরণ করে এবং প্রত্যেক ব্যবস্যায়ীদের সরকারি নির্দেশনা মেনে চলার জন্য বলা হয় কেও সরকারি নির্দেশনা মেনে না চললে তার বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে তিনি জানান।

তিনি বলেন, আজকে মানুষ ও বিভিন্ন ব্যাবস্যায়ীদের সতর্ক করা সহ নির্দেশনা গুলি জানিয়ে দেওয়া হচ্ছে পরবর্তিতে যারা নির্দেশনা না মানবে তাদের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হবে।

এ সময় মুজিবনগর থানা অফিসার ইনচার্য (তদন্ত)শরিফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি টিম নির্বাহী অফিসারকে সহযোগীতার করেন।

এদিকে,লকডাউন ঘোষণার সাথে সাথে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটকদের জন্য করা হয়েছে গেটলক।

মুজিবনগর পর্যটন কেন্দ্র মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে পর্যটক প্রবেশের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার তিনি বলেন, গতকাল পর্যন্ত পর্যটক প্রবেশে কিছু শিথিলতা থাকলেও আজ থেকে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটকদের জন্য গেটলক করা হয়েছে।

শৈলকুপায় ১ম সপ্তাহে নতুন ৫জন করোনা শনাক্ত

ঝিনাইদহের শৈলকুপায় করোনারদ্বিতীয় ঢেউয়ে ১ম সপ্তাহে নতুন ৫জন করোনা শনাক্তহয়েছে। করোনারদ্বিতীয় ঢেউয়ে শৈলকুপায় ১ সপ্তাহে নতুন ৫জন করোনা শনাক্ত হয়েছে, যা গত বছরের এক সপ্তাহের তুলনায় অনেক বেশি, বিগত ১ বছরে শৈলকুপায় নতুন করোনা শনাক্তহয়েছে২৮৯জন। উদ্বেগের বিষয় ঢাকা থেকে গ্রামে জনস্রোত!লকডাউনের সংবাদ প্রচারের সাথে সাথে ঢাকা থেকে মানুষ গ্রামে ফিরতে শুরু করেছে, যার মধ্যে অনেকেই করোনা ভাইরাস বহন করে এসেছে। উপজেলা স্বাস্থ্য কর্ম কর্তা ডাঃ রাশেদ আল-মামুন জানান যদি স্বাস্থ্য বিধি সঠিক ভাবে মেনে চলা হয় । তবে করোনা ভাইরাস থেকে বেঁচে থাকা সম্ভব।

আলমডাঙ্গায় কচুক্ষেতে যাওয়া নিয়ে সংঘর্ষে কৃষক নিহত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় কচু ক্ষেতে যাওয়াকে কেন্দ্র করে সংঘর্ষে আনোয়ার হোসেন গ্যাদা (৫০) নামের এক কৃষক মারা গেছেন। সোমবার দুপুরে উপজেলার পাইকপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সোমবার বেলা ১১টার দিকে আনোয়ার হোসেনের স্ত্রী শাহানারা খাতুন ছাগল নিয়ে গ্রামের নূর ইসলামের ছেলে রনির কচু ক্ষেতের মধ্য দিয়ে যাচ্ছিলেন। এ নিয়ে রনি সাথে শাহানারার কাটাকাটি হয়। এসময় রনি শাহানারাকে মারধর করে। খবর পেয়ে আনোয়ার হোসেন ছুটে এলে তাকেও মারধর করে রনি। মারধরের এক পর্যায়ে আনোয়ার হোসেনকে একটি গাছের সাথে ধাক্কা মারে রনি। এতে ঘটনাস্থলে মারা যান আনোয়ার হোসেন।
আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর জানান, কচু ক্ষেতে যাওয়াকে কেন্দ্র করে মারধরে একজন মারা গেছে শুনেছি। কিন্তু এ বিষয়ে কেউ থানায় অভিযোগ করেনি। অভিযোগ দিল ব্যবস্থা নেয়া হবে।

লকডাউনের ঘোষণায় নিজ গন্তব্যে পৌছাতে ব্যস্ত মানুষ

২২

আজ সোমবার থেকে ৭ দিনের লকডাউন ঘোষণার পর গতকাল রবিবার সকাল থেকে কালীগঞ্জ বাসস্টান্ডে নিজ নিজ গন্তব্যে পৌঁছানোর জন্য বিপুল মানুষের ঢল দেখা গেছে। সকাল থেকে কালীগঞ্জ বাসস্টান্ডে নিজ নিজ গন্তব্যে পৌঁছানোর জন্য বিপুল মানুষের ঢল দেখা গেছে।
এসময় ৫০ শতাংশ যাত্রী নিয়ে চলাচলের ফলে দেখা যায় গনপরিবহন সংকট। যাত্রীরা দীর্ঘ সময় অপেক্ষার পর বাস আসলে, বাসে ওঠার জন্য ভীড় করছেন। অনেকক্ষেত্রেই দেখা যাচ্ছে স্বাস্থ্যবিধি না মানার প্রবণতা।
যাত্রীরা জানিয়েছেন, তারা প্রত্যেকেই বর্ধিত ৬০ শতাংশ ভাড়া দিয়ে বাসের টিকিট কিনেছেন। এমনকি যারা বর্ধিত ভাড়া দিতে রাজি হননি তাদের বাস থেকে নামিয়ে দেওয়ার ঘটনাও ঘটছে।
বাসগুলোতে অতিরিক্ত যাত্রী থাকলেও তা অস্বীকার করেন বাসের চালক ও হেলপার। অবশ্য কিছু শ্রমিকের দাবি, যাত্রীরা কথা না শোনায় এক

সিটে একজনের নির্দেশনা মানা সম্ভব হচ্ছে না। এজন্য মনিটরিং প্রয়োজন বলে মনে করেন তারা।
গতকাল রবিবার দুপুরে কালীগঞ্জ বাসস্টান্ড ঘুরে দেখা যায় অতিরিক্ত যাত্রী চাপে কিছু অসাধু পরিবহন শ্রমিক সরকারি নির্দেশনা না মেনে অতিরিক্ত যাত্রী তুলেছে বাসে।

কার্পাসডাঙ্গা তালাকপ্রাপ্তা স্ত্রী রাতভর স্বামীর উঠানে বসে: ঘরে তালা মেরে সটকেছে স্বামী নিখিল

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা মিশনপাড়ার ইন্দ্রজিৎ ওরফে বুদো বিশ্বাসের ছেলে নিখিল বিশ্বাসের সাথে বিবাহ হয় মুজিবনগর উপজেলার ভবের পাড়া গ্রামের মিশন পাড়ার সুদাংশ দফাদারের কন্যা শিল্পীর সাথে।
বিবাহের পর তাদের কোল জুড়ে আসে একটি সন্তান।শিল্পীর দাবী বিয়ের পর থেকেই স্বামী নিখিল সহ তার পরিবারের লোকজন তাকে নানান ভাবে অত্যাচার করতে থাকে। এক সময় তাকে ডিভোর্স ও দেয়। পরবর্তীতে আবারো তাকে আপোষ মিমাংসার মাধ্যমে বিয়ে করে। তার কিছুদিন না যেতেই আবারো শিল্পীর উপর নেমে আসে অত্যাচারের খড়গ।
গত ২ মাস আগে আবার শিল্পীকে বাপের বাড়ি পাঠিয়ে দেয় নিখিল এমনটাই দাবী তার। শিল্পী গত পরশু শনিবার সন্ধ্যায় নিখিলের বাড়ি আসছে এমন খবর পেয়ে নিখিল ঘরে তালা মেরে বাইরে সটকে পড়ে। শিল্পী নিখিলের বাড়ি এসে ঘরে তালা মারা দেখে সারারাত বসে থাকে ঘরের বাইরের সিঁড়িতে।
গতকাল রবিবার ও সে স্ত্রীর দাবী নিয়ে নিখিলের বাড়ির উঠানেই অবস্থান করছিলো।
এ বিষয়ে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই আতিকুর রহমান জুয়েলের সাথে কথা বললে জানান তিনি বিষয়টা তদন্ত করতে ঘটনাস্থলে যাচ্ছেন এবং ভুক্তভোগী মেয়েটির সাথে কথা বলবেন।

সেই সাথে তিনি আরো জানান, বিষয়টি দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) স্যার অবগত। তিনিই বিষয়টা নিজেই দেখবেন। দামুড়হুদা থানায় উভয়পক্ষ কে নিয়ে বসে যথাযথ ব্যাবস্থা নেবেন বলেও জানান তিনি।

ঝিনাইদহে লকডাউন কার্যকর করতে মাঠে আছে পুলিশ

সারাদেশের ন্যায় ঝিনাইদহে শুরু হয়েছে ১ সপ্তাহের লকডাউন। সকাল থেকেই বন্ধ রয়েছে স্থানীয় ও দুরপাল্লার সকল প্রকার গণপরিবহন। বন্ধ রাখা হয়েছে ঔষধ, খাদ্যের দোকান ব্যতিত সকল দোকান-পাট। সকাল থেকে লকডাউন কার্যকরে মাঠে রয়েছে পুলিশ। জেলার বিভিন্ন উপজেলাসহ জেলা শহরের পোস্ট অফিস মোড়, আরাপপুর, কেন্দ্রীয় বাস টা

র্মিনালসহ বিভিন্ন স্থানে পুলিশের চেকপোস্ট বসানো হয়েছে। সরকারের ১৮ দফা নির্দেশনা কার্যকর ও সর্বস্তরের মানুষকে সচেতন করতে সকালে পুলিশের পক্ষ থেকে বিভিন্ন স্থানে অভিযা

ন চালানো হয়। পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামসহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তা শহরের বিভিন্ন স্থানে অভিযান চালায়। এসময় লকডাউনে অযথা শহরে ঘোরাঘুরি না করতে ও জরুরী প্রয়োজনে বাইরে বের হওয়া মানুষকে স্বাস্থ্য বিধি মানতে নানা পরামর্ দেন

ঝিনাইদহে মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

ঝিনাইদহে নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার (৫ এপ্রিল সকাল ১১ টায় ঝিনাইদহ প্রেসক্লাবে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় প্রেসক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পৌর মেয়র সাইদুল করিম মিন্টু।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিন পত্রিকার ঝিনাইদহ ব্যুরো প্রধান কে এম সালেহ, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু।
অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেহেরপুর প্রতিদিন পত্রিকার মহেশপুর প্রতিনিধি সফিকুল ইসলাম জুয়েল । স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিন জেলা প্রতিনিধি মনিরুজ্জামান রাসেল ও সদর প্রতিনিধি তাপস কুণ্ডু। আলোচনা সভা শেষে অতিথিরা ৪র্থ বছর পদার্পণ উপলক্ষে কেক কাটেন।

প্রধান অতিথি তার বক্তব্য বলেন, জাতি গঠনে সংবাদপত্রের ভূমিকা গুরুত্বপূর্ণ। দেশ ও জনগণের উন্নয়নে সাংবাদিকরা বলিষ্ঠ ভূমিকা পালন করে থাকেন। করোনা পরিস্থিতি ঠেকাতেই সাংবাদিকের অনেক ভূমিকা রয়েছে। মেহেরপুর প্রতিদিন পত্রিকা বস্তুনিষ্ট সংবাদ প্রকাশের মাধ্যমে পাঠকদের মধ্যে আলোচিত হয়েছে। তিনি মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক,প্রকাশকসহ পত্রিকার সাথে সংশ্লিষ্ট সকলকে শুভ জন্মদিনের শুভেচ্ছা জানান।

গাংনীতে লকডাউনের প্রতিবাদে ব্যবসায়িদের বিক্ষোভ

আসছে রমজান ও ঈদের আগে লকডাউনের প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছেন মেহেরপুরের গাংনীর ব্যবসায়ি ও কর্মচারীরা। আজ সোমবার সকালে সকল স্তরের ব্যবসায়ি ও কর্মচারীরা এ বিক্ষোভ মিছিল করেন।
গাংনী বাজার কমিটির সভাপতি মাহাবুবুর রহমান স্বপনের নের্তৃত্বে ব্যবসায়িরা বিক্ষোভ মিছিল করে সারা শহর প্রদক্ষিণ করেন। পরে শহীদ রেজাউল চত্বরে মিলিত হন। ব্যবসায়িরা জানান, জিবন যাত্রা স্বাভাবিক রয়েছে। জনসাধারনের চলাচল স্বাভাবিক অথচ দোকানপাট বন্ধ রাখা হচ্ছে। আসন্ন রমজান ও ঈদের সময় ব্যবসা না হলে পথে বসতে হবে তাদের। তবে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বলা হচ্ছে যেহেতু সরকারি সিদ্ধান্ত এক সপ্তাহের লকডাউন। সকলকে তা মানতে হবে।

গাংনীতে এসবি সুপার ডিলাক্স পরিবহনে জরিমানা

সরকার ঘোষিত সাত দিনের লকডাউনের প্রথম দিনে গণপরিবহন চলাচল নিষেধ থাকা সত্বেও তা না মেনে বাস চালানোর অপরাধে এসবি সুপার ডিলাক্স এর চালক কে এক হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।
রাস্তায় বাস চালানো ও যাত্রী ওঠা নামা করা গণপরিবহন আইন ভঙ্গ হয়েছে এ অপরাধে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর ই আলম সিদ্দিকী এ জরিমানা আদায় করেন।
আদালত সুত্রে জানায়, এসবি সুপার ডিলাক্স নামের একটি দুরপাল্লার বাস-(ঢাকা মেট্রো-ব-১৫-৩৩৮০) মেহেরপুর থেকে যাত্রী নিয়ে কুষ্টিয়া যাবার সময় গাংনী বাজারে থাকা ভ্রাম্যমাণ আদালতের একটি টিম বাসটিকে আটক করেন। এসময় বাসের মধ্যে যাত্রী থাকায় বাস চালক অনিমেষ কে এক হাজার টাকা জরিমানা করেন। এসময় গাংনী থানার ওসি

রজলুর রহমান ও তদন্ত ওসি সাজেদুল ইসলামসহ পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

গাংনী থানা পুলিশের উদ্যোগে পথচারীদের মাঝে মাস্ক বিতরণ

মেহেরপুরের গাংনীতে লকডাউনের প্রথম দিনে গাংনী থানা পুলিশের উদ্যোগে বিনামুৃল্যে মাস্ক বিতিরণ করা হয়েছে। আজ সোমবার সকালে গাংনী বাজার বাসষ্ট্যান্ডে পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করেন ওসি বজলুর রহমান। এসময় তদন্ত ওসি সাজেদুল ইসলাম,সেকেন্ড অফিসার এসআই হাবিবসহ গাংনী থানা পুলিশের এএসআই,কনেস্টবল উপস্থি ছিলেন। গাংনী থানা পুলিশের পক্ষ থেকে মাস্ক বিতরণ কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানান ওসি বজলুর রহমান।